ভোরের কাগজ

তারিখ 03 AUG 1998 ... ...
পৃষ্ঠা ১ কলাম ২......

03 AUG 1998

# ৫ বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

## সারা দেশে গড় পাসের হার ৪৮% ❑ ঢাকা ৫১.১৭, কুমিল্লা ৫২.৮৭, রাজশাহী ৪৮.৩২, যশোর ৪৪.৬৩, চট্টগ্রাম ৩৩.২৩%

কাগজ প্রতিবেদক : ১৯৯৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় সারা দেশে গড়ে প্রায় ৪৮ শতাংশ পরীক্ষার্থী পাস করেছে। এ বছর সারা দেশে পরীক্ষা দিয়েছিল ৭ লাখ ২২ হাজার ৩০০, এর মধ্যে ৩ লাখ ৪৬ হাজার ৪৩৫ জন পাস করেছে।

বোর্ডভিত্তিক হিসাবে এ বছর পাসের হার সবচেয়ে বেশি কুমিল্লা বোর্ডে ৫২ দশমিক ৮৭ এবং সবচেয়ে কম চট্টগ্রাম বোর্ডে ৩৩ দশমিক ২৩ শতাংশ। ঢাকা বোর্ডে পাসের হার ৫১ দশমিক ১৭, রাজশাহীতে ৪৮ দশমিক ৩২ এবং যশোরে ৪৪ দশমিক ৬৩ শতাংশ। গতকাল রোববার বিকালে দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল একত্রে প্রকাশিত হয়েছে। এবার নতুন ও পুরোনো এই দুই সিলেবাসের আওতায় পরীক্ষা অনুষ্ঠিত হয়।

সবগুলো বোর্ডে অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত পরীক্ষায় এ বছর সারা দেশে সর্বোচ্চ নম্বর পেয়েছে রাজশাহীর গভ. ল্যাবরেটরি হাই স্কুলের চৌধুরী শরিফ হাসান। ৯ বিষয়ে লেটারসহ সে মোট ৯৫৯ নম্বর পেয়েছে। রাজশাহী বোর্ডের বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জনকারী শরিফ হাসান এ বছর সারা দেশে বিজ্ঞানে প্রথম।

মানবিক বিভাগে সারা দেশে সর্বোচ্চ নম্বর পেয়েছে বরিশাল ক্যাডেট কলেজের মোঃ নাজমুল আহসান রাজীব। ৬টি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮৭৫। সে যশোর বোর্ডে মানবিক বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করেছে।

বাণিজ্য বিভাগে সারা দেশে সর্বোচ্চ নম্বর পেয়েছে বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের মোঃ ফয়সাল কবীর। ৭টি লেটারসহ সে পেয়েছে ৮৯৭ নম্বর। সে রাজশাহী বোর্ডের বাণিজ্য বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে।

এ বছর পাঁচ বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ৭ লাখ ৪৮ হাজার ৮৯৮। এর মধ্যে ২৬ হাজার ৫৯৮ জন পরীক্ষায় অংশ না নেওয়ায় অংশগ্রহণকারী পরীক্ষার্থী দাঁড়ায় ৭ লাখ ২২ হাজার ৩০০ জন। এদের মধ্যে পাস করেছে ৩ লাখ ৪৬ হাজার ৪৩৫ জন। প্রথম বিভাগ ১ লাখ ৫৩ হাজার ৫৭৯ জন, দ্বিতীয় বিভাগ ১ লাখ ৯০ হাজার ১৬২ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে মাত্র ২ হাজার ৬৯৪ জন। সারা দেশে গড় পাসের হার ৪৭ দশমিক ৯৬ শতাংশ।

**ঢাকা বোর্ড :**

ঢাকা বোর্ডে এ বছর মোট পরীক্ষার্থী ছিল ২ লাখ ১০ হাজার ২৭০ জন। পাস করেছে ১ লাখ ৭ হাজার ৫৯৮ জন। পাসের হার ৫১ দশমিক ১৭ শতাংশ। প্রথম বিভাগ ৪৮ হাজার ৮৮৩, দ্বিতীয় বিভাগ ৫৭ হাজার ৯৫৮ এবং তৃতীয় বিভাগ ৭৫৭ জন। এ বছর নতুন ও পুরোনো দুটি সিলেবাসে পরীক্ষা অনুষ্ঠিত হয়। নতুন সিলেবাসের অধীনে অংশগ্রহণকারী নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৩ দশমিক ২৯, মানবিকে ২৭ দশমিক ৮৮ এবং বাণিজ্যে ৪৭ দশমিক ৩৪ শতাংশ। পুরোনো সিলেবাস অনুযায়ী অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৭ দশমিক ৪৬ এবং মানবিকে ৫৬ দশমিক ০২ শতাংশ। পুরোনো সিলেবাসে বাণিজ্য বিভাগ ছিল না।

নতুন সিলেবাস অনুযায়ী পরীক্ষার্থীদের ঢাকা বোর্ডে পাসের হার ৪৫ দশমিক ৪৭ এবং পুরোনো সিলেবাসে ৫৯ দশমিক ৮৩ শতাংশ। মেয়েদের পাসের হার গড়ে ৪৮ দশমিক ৮৬ এবং ছেলেদের ৫৩ শতাংশ।

**কুমিল্লা বোর্ড :**

নতুন ও পুরোনো সিলেবাস মিলিয়ে কুমিল্লা বোর্ডে পরীক্ষা দিয়েছে ১ লাখ ১৯ হাজার ৬৯১ জন। পাস করেছে ৬৩ হাজার ২৭৬ জন। পাসের হার ৫২ দশমিক ৮৭। প্রথম বিভাগ ৩১ হাজার ২২৪, দ্বিতীয় বিভাগ ৩১ হাজার ৬৮৯ এবং তৃতীয় বিভাগ মাত্র ৩৬৩ জন। বিজ্ঞান বিভাগে পাসের হার নতুন ৬৩ দশমিক ৫৩, পুরোনো ৭৮ দশমিক ২৩, মানবিকে নতুন ৩২ দশমিক ২০, পুরোনো ৫৯ দশমিক ৪৪ এবং নতুন সিলেবাসের বাণিজ্য বিভাগে পাসের হার ৫০ দশমিক ৩০ শতাংশ।

**রাজশাহী বোর্ড :**

রাজশাহী বোর্ডে মোট পরীক্ষা দিয়েছে ১ লাখ ৯৬ হাজার ৪৮৭ জন। পাস করেছে ৯৪ হাজার ৯৪৫ জন। পাসের হার ৪৮ দশমিক ৩২। প্রথম বিভাগ ৩৮ হাজার ৫৩৭, দ্বিতীয় বিভাগ ৫৫ হাজার ৪৪৩ এবং তৃতীয় বিভাগ ৯৬৫ জন। পুরোনো ও নতুন সিলেবাস সম্মিলিতভাবে বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৪ দশমিক ৭৬, মানবিকে ৪০ দশমিক ৫২ এবং বাণিজ্য বিভাগে ৪৭ দশমিক ৮৬ শতাংশ। এ বোর্ডে ছেলেদের পাসের হার ৫০ দশমিক ০৯ এবং মেয়েদের ৪৫ দশমিক ৬৪ শতাংশ।

**যশোর বোর্ড :**

যশোর বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৩৬ হাজার ৩১১, পাস করেছে ৬০ হাজার ৮২৯, পাসের হার ৪৪ দশমিক ৬৩। প্রথম বিভাগ ২৫ হাজার ১৬৩, দ্বিতীয় বিভাগ ৩৫ হাজার ২৩৫ এবং তৃতীয় বিভাগ ৪৩১ জন। বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৩ দশমিক ৯৪, মানবিকে ৩৮ দশমিক ৭৪ এবং বাণিজ্যে ৪২ দশমিক ০৩ শতাংশ। যশোর বোর্ডের বিভিন্ন বিভাগ মিলিয়ে ছেলেদের পাসের হার ৪৬ দশমিক ৩০, মেয়েদের ৪২ দশমিক ১৯। এ বোর্ডের নতুন ও পুরোনো সিলেবাসের পরিসংখ্যান আলাদা করে দেওয়া হয়নি।

**চট্টগ্রাম বোর্ড :**

চট্টগ্রাম বোর্ডে মোট পরীক্ষা দিয়েছে ৫৯ হাজার ৫৪১ জন। পাস করেছে ১৯ হাজার ৭৮৭ জন, পাসের হার ৩৩ দশমিক ২৩। প্রথম বিভাগ ৯ হাজার ৭৭২, দ্বিতীয় বিভাগ ৯ হাজার ৮৩৭ এবং তৃতীয় বিভাগ মাত্র ১৭৮ জন। বিজ্ঞান বিভাগে পাসের হার ৫০ দশমিক ৬৮, মানবিকে ২৪ দশমিক ১৯ এবং বাণিজ্য বিভাগে ২৫ দশমিক ০৫ শতাংশ। চট্টগ্রাম বোর্ডের বিভিন্ন বিভাগে ছেলেদের গড় পাসের হার ৩৫ দশমিক ৯৩ এবং মেয়েদের ৩০ দশমিক ১০ শতাংশ। এ বোর্ডের পাসের হার এবার সারা দেশে সর্বনিম্ন এবং গতবারের প্রায় অর্ধেক। গতবছর এ বোর্ডে পাসের হার ছিল ৬১ দশমিক ৩৭ শতাংশ।

### এক নজরে ৫ বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল

| বোর্ড | পরীক্ষার্থী | উপস্থিত | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | তৃতীয় বিভাগ | মোট পাস | পাসের হার |
|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ২১৭১৫৭ | ২১০২৭০ | ৪৮৮৮৩ | ৫৭৯৫৮ | ৭৫৭ | ১০৭৫৯৮ | ৫১.১৭ |
| কুমিল্লা | ১২৩৩৩৮ | ১১৯৬৯১ | ৩১২২৪ | ৩১৬৮৯ | ৩৬৩ | ৬৩২৭৬ | ৫২.৮৭ |
| রাজশাহী | ২০৯৩৬৫ | ১৯৬৪৮৭ | ৩৮৫৩৭ | ৫৫৪৪৩ | ৯৬৫ | ৯৪৯৪৫ | ৪৮.৩২ |
| যশোর | ১৩৬৬৭৮ | ১৩৬৩১১ | ২৫১৬৩ | ৩৫২৩৫ | ৪৩১ | ৬০৮২৯ | ৪৪.৬৩ |
| চট্টগ্রাম | ৬২৩৬০ | ৫৯৫৪১ | ৯৭৭২ | ৯৮৩৭ | ১৭৮ | ১৯৭৮৭ | ৩৩.২৩ |
| মোট | ৭৪৮৮৯৮ | ৭২২৩০০ | ১৫৩৫৭৯ | ১৯০১৬২ | ২৬৯৪ | ৩৪৬৪৩৫ | ৪৭.৯৬ |

● এরপর পৃষ্ঠা- ২● পাঁচ বোর্ডের বিভিন্ন বিভাগের মেধা তালিকা- পৃষ্ঠা ৬, ৭/● ফলাফল বিশ্লেষণ- ক্যাডেট কলেজ ও শহরের স্কুলগুলোর ফল ভালো- পৃষ্ঠা ১২/● কৃতী ছাত্রছাত্রী- পৃষ্ঠা ৭, ২